


“একই স্মারক ও তারিখের পত্রের স্থলাভিষিক্ত হবে”



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

ই-মেইল: rebdfa@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৫.২৮.৩২৭(১৫).২০.১৬৯২

তারিখঃ ০২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ।
১৬ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ।

দপ্তরাদেশ

আগামী ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী প্রণয়নের বিষয়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ অন্যান্য সংস্থার ন্যায় বাপবিবোর্ড কর্তৃক বাস্তবায়ন করতে হবে। এ প্রেক্ষিতে, আগামী ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করতে হবেঃ

- বাপবিবোর্ডের সদর দপ্তরসহ আওতাধীন সকল অফিস ভবনে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এক্ষেত্রে “দি ফ্ল্যাগ রুলস ১৯৭২” অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;
- বাপবিবোর্ড সদর দপ্তর ভবনসহ আওতাধীন সকল অফিস এবং সকল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ আওতাধীন অফিসসমূহ সুন্দরভাবে আলোকসজ্জা করতে হবে।
- পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন যে সকল স্থানে ১৭ মার্চের কর্মসূচী উদযাপিত হবে সে সকল স্থানে সার্বক্ষণিক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে অনুষ্ঠান উদযাপন করতে হবে। এক্ষেত্রে, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসনের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। এছাড়া, ১৭ মার্চ ২০২২ এর অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণকে মাস্ক পরে অনুষ্ঠানস্থলে প্রবেশ এবং সার্বক্ষণিক মাস্ক পরিহিত অবস্থায় থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন” সম্বলিত লেখা বাপবিবোর্ডের স্ক্রল বোর্ডে প্রদর্শন করতে হবে। এছাড়া, মুজিব কর্ণারে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চিত্র/ভিডিও ডকুমেন্টারী ও স্থির চিত্র প্রদর্শন করা যেতে পারে;
- বাপবিবোর্ডের আওতাধীন অফিসসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।

এমতাবস্থায়, উপরিউক্ত কর্মসূচীসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

চেয়ারম্যান, বাপবিবোর্ড এর নির্দেশক্রমে।


(মোঃ আসিফউদ্দৌল্লাহ)

পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ০১। অফিস প্রধান, সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয়, বাপবিবোর্ড।
- ০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পল্লী বিদ্যুৎ সমিতি।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবোর্ড, ঢাকা।


(মোঃ সোহেল রানা)

সহকারী পরিচালক (প্রশাসন)